

“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।



স্মারক নং-৩২.০১.০০০০.০০৩.০১৪.০৩১.১৮(অংশ-১)-১৬-০৬

তারিখঃ ২৫/১০/২০২২ খ্রি:

**বিষয়: কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের জনবল ( ফিল্ড সুপারভাইজর, জেডার প্রমোটার, সংগীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক) অন্যত্র নিয়োগ করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় অধীনস্থ মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে সমগ্র দেশে ৪৫৫৩ টি ইউনিয়ন ও ৩৩০ টি পৌরসভায় ৪৮৮৩ টি ক্লাবের মাধ্যমে প্রতিবছর ১৪৬৪৯০ জন কিশোর কিশোরী জীবন দক্ষতা মূলক প্রশিক্ষণ নিয়ে বাল্য বিবাহ প্রতিরোধ, Gender Based Violence (GBV) প্রতিরোধ, Sexual & reproductive Health and Rights (SRHR) প্রভৃতিসহ সমাজে ইতিবাচক পরিবর্তনের লক্ষ্যে প্রশিক্ষণ নিচ্ছে। প্রশিক্ষক হিসেবে সংগীত শিক্ষক, আবৃত্তি শিক্ষক ও জেডার প্রমোটার প্রশিক্ষণ দিচ্ছে। সারাদেশে ১০৯৫ জন জেডার প্রমোটার, ৪৮৮৩ জন সংগীত শিক্ষক ও ৪৮৮৩ জন আবৃত্তি শিক্ষককে প্রশিক্ষক হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। উক্ত প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যে বাস্তবায়নের জন্য কর্মচারীরা ওতাপ্রোতাপভাবে জড়িত।

২। সাম্প্রতিক IMED এর প্রতিনিধি চট্টগ্রাম ও কক্সবাজার জেলায় প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করে লক্ষ্য করেছে যে প্রকল্পের কিছু কিছু জনবল উপপরিচালক ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে দাপ্তরিক কাজে নিয়োজিত রয়েছে। ফলে প্রকল্পের কাজে বিঘ্ন ঘটছে।

এমতাবস্থায়, কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হল।

উপ পরিচালক (সংশ্লিষ্ট সকল জেলা)  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল উপজেলা)

ফরিদা পারভীন  
২৫/১০/২০২২

ফরিদা পারভীন  
মহাপরিচালক  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১। জেলা প্রশাসক (সকল জেলা)।
- ২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল উপজেলা)।
- ৫। প্রোগ্রাম অফিসার, প্রশাসন-১ শাখা, ওয়েবসাইট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৭। অফিস কপি।